উপজেলা পরিষদ

মেলান্দহ , জামালপুর।

ফেব্রুয়ারি/২০২২ মাসের উপজেলা পরিষদ মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মোঃ কামরুজ্জামান
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মেলান্দহ, জামালপুর।

সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ।

সভার তারিখ : ১০/০২/২০২২ খ্রিঃ

সময় : বেলা ১২.০০ ঘটিকা।
সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট "ক" এবং অনুপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট "খ"।

সভার প্রারম্ভে সভাপতি সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর তিনি আলোচ্যসূচী অনুযায়ী সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার কে অনুরোধ করেন। উপজেলা নির্বাহী অফিসার সভা পরিচালনায় স্ব স্ব বিভাগের ষ্ট্যান্ডিং কমিটির সুপারিশ সভা অনুষ্ঠানের পূর্বে জমা প্রদানের বিধান থাকলেও যথাসময়ে না পাওয়ায় প্রতিটি দপ্তর থেকে ওয়াকিং পেপার দাখিলের জন্য সকল দপ্তর প্রধানদের অনুরোধ জানান।

গত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হলে কোন আপত্তি না থাকায় উহা সর্ব সম্মতি ক্রমে অনুমোদিত হয়। অত:পর আলোচ্যসূচী অনুযায়ী নিম্নরুপ আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

| ক্রঃনং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১ | জনপ্রশাসন | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, তাঁর বিভাগের বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন হচ্ছে। বর্তমানে কোন সমস্যা নেই। | অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | উপজেলা নির্বাহী অফিসার |
| ২ | স্বাস্থ্য | উপজেলা স্বাস্থ্য ও প;প কর্মকর্তা সভায় জানান যে, ০১। কোভিড-১৯ টিকাদান কার্যক্রম- ১২-১৭ বছর বয়সী ছাত্র/ছাত্রীদের মাঝে ফাইজার টিকার ১ম ডোজ গত ১৭/১২/২০২১ থেকে চালু রয়েছে। এই বয়সে ছাত্র/ছাত্রীদের টিকা প্রদানের লক্ষ্যমাত্রা দেওয়া হয়েছিল ৩৩৭১২ জন, অদ্য ০৮/০২/২০২২ ইং তারিখ পর্যন্ত ১ম ডোজ ফাইজার টিকা প্রদান করা হয়েছে ৩২৭২১ জন কে যা শতকরা হার ৯৭% ছাত্র/ছাত্রীদের ফাইজার টিকা ১ম ডিজ চলমান রয়েছে। এইচএসসি পরীক্ষার্থীদের ২য় ডোজ দেওয়া হয়েছে ১০৯৬ জন কে। তাছাড়া কোভিড১৯ এর ভেরোসেল টিকার ১ম ডোজ দেওয়া হয়েছে ১৬৫৮০৮ জন কে এবং ২য় ডোজ দেওয়া হয়েছে ১৩২৮১৭ জন কে। এস্ট্রাজেনেকা টিকার ১ম ডোজ দেওয়া হয়েছে ৬৬৪৪ জন কে ও ২য় ডোজ দেওয়া হয়েছে ৫৬৫৩ জন কে এবং বুস্টার ডোজ দেওয়া হয়েছে ১২২০ জন কে । আমাদের ইপিআই টিকা কেন্দ্রে সাব-ব্লকে ১৮ বছর উর্ধে সকল কে ১ম ডোজ টিকা প্রদান চলমান রয়েছে ১লা ফেব্রুয়ারি/২০২২ ইং হতে ২য় ডোজ টিকা প্রদান চলমান আছে। সর্বপরি টিকা প্রদানে প্রশাসন ও পুলিশ বিভাগের সার্বিক সহযোগীতার স্বাস্থ্য বিভাগ সংশ্লিষ্ট সকল কে ধন্যবাদ জ্ঞাপন করছি। সম্প্রতি করোনা রোগীর সংখ্যা বেড়ে যাওয়ায় আমাদের হাসপাতালে এন্টিজেন টেস্ট জোরদার করা হয়েছে। হাসপাতালে করোনা রোগী ভর্তির জন্য একটি করোনা কর্ণার সার্বক্ষনিক চালু রয়েছে এবং মাঠ পর্যায়ে প্রতিটি ইউনিয়নে একটি মেডিকেল টিম করোনা রোগীর ব্যবস্থাপনা ও করোনা প্রতিরোধের জন্য চালু রয়েছে। মাইকিং ও মাঠ কর্মীদের উঠান বৈঠকের মাধ্যমে করোনার প্রতিরোধে করনীয় বিষয়ে জনগণ কে সচেতন করা হচ্ছে এ ব্যাপারে প্রশাসনের সার্বিক সহযোগীতা একান্ত কাম্য। ০২। মেলান্দহ পৌরসভার মেয়র মহোদয়ের সহযোগীতায় আরোও একটি এ্যাম্বুলেন্স চালু হয়েছে। ৩। অত্র স্বাস্থ্য কমপ্লেক্সের বহিঃ বিভাগ/অন্তঃ বিভাগ/প্রসুতি সেবা/ মাঠ পর্যায়ে ইপিআই কার্যক্রম ও সিসি সহ সকল কার্যক্রম যথানিয়মে চলমান রহিয়াছে। | অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | উপজেলা স্বাস্থ্য ও প;প কর্মকর্তা |
| ৩ | পরিবার পরিকল্পনা | কার্যবিবারণী পাওয়া যায়নি | | |

চলমান পাতা- ২

| | | | | |
|---|---|---|---|---|
| ৪ | কৃষি | উপজেলা কৃষি অফিসার সভায় জানান যে, তাঁর বিভাগের বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন হচ্ছে। বর্তমানে কোন সমস্যা নেই। | অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | উপজেলা কৃষি অফিসার |
| ৫ | মৎস্য | উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, ০১। ০১ নভেম্বর/২০২১ হতে ৩০ জুন/২০২২ পর্যন্ত জাটকা নিষিদ্ধ সময়কালের অংশ হিসেবে বাজার মনিটরিং, লিফলেট বিতরণ ও মাছ বাজারে ব্যানার লাগানোর মাধ্যমে প্রচারণা। ০২। লাইসেন্স বিহীন মৎস্য খাদ্য বিক্রয় দোকানগুলোতে লাইসেন্স নবায়নের জন্য নোটিশ প্রদান করা হয়েছে। ০৩ মাঠ পরিদর্শন/উপজেলা মৎস্য দপ্তর হতে পৌরসভা ও বিভিন্ন ইউনিয়নের ২২ জন মৎস্য চাষিকে মাছ চাষ বিষয়ে পরামর্শ প্রদান।০৪। উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় মৎস্য বিষয়ক ০৩ টি ব্যাচের প্রশিক্ষণ আগামী ১১/০[illegible]/২০২২ খ্রি. তারিখ হতে শুরু করা হবে। ০৫। দপ্তরের অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা |
| ৬ | প্রাণি সম্পদ | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা জানান, যে ফেব্রুয়ারি/২ মাসে সরকারি ভাবে কৃত্রিম প্রজনন সম্প্রসারণ সংখ্যা ১০০০টি, সংকর জাতের বাছুরের তথ্য সংগ্রহ সংখ্যা ৩৫৮টি, গবাদিপশুর চিকিৎসা প্রদান সংখ্যা ২৪০০টি, খামারি প্রশিক্ষন প্রদান বিভিন্ন দপ্তর কর্তৃক আয়োজিত ১৯২ জন, খামার পরিদর্শন ১০টি, উঠান বৈঠকের আয়োজন (সংখ্যা) ১২টি, অংশগ্রহণকারীর সংখ্যা ৯০ জন, রাজস্ব আদায় টিকা এবং সিমেন সরবরাহ করে ৫৫০০ টাকা। | বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা |
| ৭ | দুর্যোগ ব্যবস্থাপনা | কার্যবিবারণী পাওয়া যায়নি | | |
| ৮ | সমাজসেবা | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, ১/ প্রতিবন্ধী জরিপ ও সুবর্ণ নাগরিক কার্ড প্রদান ২/ প্রতিবন্ধী শিক্ষার্থীদের তালিকা তৈরি (বাস্তবায়ন -- উপজেলা সমাজসেবা কার্যালয় . এবং উপজেলা প্রাথমিক, মাধ্যমিক শিক্ষা অফিস) ৩/ বরাদ্দকৃত অসচ্ছল প্রতিবন্ধী ভাতার ইউনিয়ন কমিটির তালিকা যাচাই বাছাই | বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা |
| ৯ | উপজেলা প্রা: শিক্ষা | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, ১। ক্লাস্টার ভিত্তিক সমন্বয় সভা ৫টি। ২। সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে পাঠ্য পুস্তক বিতরণ। ৩। বিদ্যালয় পরিদর্শন-৫৫টি ৪। দাপ্তরিক অন্যান্য কাজ চলমান। | বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার |
| ১০ | মহিলা বিষয়ক | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে ১। ২০২১-২০২২ অর্থ বছরের ভিজিডি চক্রের ডিসেম্বর/২০২১ ইং মাসের ১১টি ইউনিয়নের ভিজিডির ডিও উপজেলা খাদ্য নিয়ন্ত্রক অফিসে ছাড় করা রয়েছে। এবং সম্পন্ন বিতরন করা হয়েছে। জানুয়ারি/২০২২ ইং মাসের ভিজিডি ডিও ১৬/০১/২০২২ ইং তারিখে ১১টি ইউনিয়নের নামে উপজেলা খাদ্য নিয়ন্ত্রক অফিসে ছাড়পত্র প্রদান করা হয়েছে। ০২। উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক কর্মসূচী (আইজিএ) প্রশিক্ষণ প্রকল্পে ১৩তম ব্যাচ ফ্যাশন ডিজাইন ট্রেডে ২৫ জন ও বিউটিফিকেশন ট্রেডে ২৫জন মোট ৫০ জন প্রশিক্ষণার্থীদের জানুয়ারি/২০২২ হতে মার্চ/২০২২ পর্যন্ত ৩ মাস মেয়াদে প্রশিক্ষণ শুরু হয়েছে। | বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ১১ | যুব উন্নয়ন | কার্যবিবারণী পাওয়া যায়নি | | |
| ১২ | স্থানীয় সরকার | উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, হরিনাপাই UZR ভাবকী হারুন মাস্টারের বাড়ীর নিকট ১০১০ মিটার চেনেজে একটি ইউড্রেন নির্মান এবং হরিনাপাই UZR দেবেরছড়া রাস্তা একটি বক্সকালভার্ট গাইড ওয়াল নির্মান করার জন্য এই সভার অনুমোদন প্রয়োজন। | বিষয়টি সভায় আলোচনা করা হলোচনা করা হলো, আলোচনান্তে উপজেলা উন্নয়ন তহবিল হতে ২০০০০০ টাকা ব্যয়ে প্রকল্প বাস্তবায়নের জন্য সভায় সর্বসম্মতিক্রমে গৃহীত হলো। | উপজেলা প্রকৌশলী |

চলমান পাতা- ৩

| | | | | |
|---|---|---|---|---|
| ১৩ | জনস্বাস্থ্য | উপজেলা উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান যে, ১। নলকূপের বরাদ্দ প্রতি ইউনিয়নে ২৬ টি করে মোট ২৮৬ টি পাওয়া গেছে। টেন্ডার প্রক্রিয়াধীন। ২। জিপিএস, এনএনজিপিএস ও পিইডিপি-৪ প্রকল্পের ওয়াশ ব্লক এর ৭টি প্রাথমিক বিদ্যালয়ে কাজ চলমান। এনএনজিপিএস, জিপিএস এর ১৩টি প্রাথমিক বিদ্যালয়ের ওয়াশ ব্লকের কাজের টেন্ডার প্রক্রিয়াধীন ৩। তিন পৌরসভার প্রকল্পের আওতায় মেলান্দহ পৌরসভায় ট্রিটম্যান্ট প্ল্যান্ট, ওয়াটার পয়েন্ট, ড্রেন, পাইপ লাইন ও পাম্প হাউজের কাজ চলমান। | বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) |
| ১৪ | সমবায় | কার্যবিবারণী পাওয়া যায়নি | | |
| ১৫ | পল্লী উন্নয়ন | কার্যবিবারণী পাওয়া যায়নি | | |
| ১৬ | ফরেস্টার | কার্যবিবারণী পাওয়া যায়নি | | |
| ১৭ | মাধ্যমিক শিক্ষা | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, অত্র কার্যালয়ের মাধ্যমে এনসিটিবি থেকে প্রাপ্ত বিনা মূল্যে ২০২২ শিক্ষাবর্ষের পাঠ্যপুস্তক শতকরা ৮০ ভাগ শিক্ষা প্রতিষ্ঠানে বিতরণ করা হয়েছে। ৫০ তম শীতকালীন ক্রীড়া প্রতিযোগিতা/২০২২ উপজেলা পর্যায়ে চলমান ছিল, কোভিড-১৯ এর সরকারী বিধি মোতাবেক শিক্ষা প্রতিষ্ঠান সাময়িক ভাবে বন্ধ আছে বিধায় ক্রীড়া প্রতিযোগিতা ও বন্ধ। দাপ্তরিক কাজকর্মও সরকারী বিধি অনুযায়ী চলমান রয়েছে। অন্য কোন সমস্যা নাই। | বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমেক শিক্ষা অফিসার |
| ১৮ | খাদ্য কর্মকর্তা | কার্যবিবারণী পাওয়া যায়নি | | |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ কামরুজ্জামান)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
মেলান্দহ, জামালপুর।

স্মারক নং :উপকা/মেলা/২০২২/ ৬(ক)
তারিখ : ১০/০২/২০২২ খ্রি:

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো :

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য- ১৪০ জামালপুর- ৩
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। জেলা প্রশাসক, জামালপুর।
৪। ........................................................ সম্মানীত সদস্য (সকল) উপজেলা পরিষদ মেলান্দহ, জামালপুর।
৫। অফিস কপি।

(মোহাম্মদ শফিকুল ইসলাম)
মূখ্য-নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
মেলান্দহ, জামালপুর।
মোবাইল নম্বর : ০১৭০৯৯৭০১৭০
E-mail:unomelandah@gmail.com

ফেব্রুয়ারি/২০২২ মাসের উপজেলা পরিষদ মাসিক সভার উপস্থিতি অনুযায়ী সদস্যবৃন্দের হাজিরা

| ক্রঃ নং | সদস্য | স্বাক্ষর |
|---|---|---|
| ১. | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মেলান্দহ | সাক্ষরিত |
| ২. | উপজেলা নির্বাহী অফিসার, মেলান্দহ | সাক্ষরিত |
| ৩. | উপজেলা প্রকৌশলী, মেলান্দহ | সাক্ষরিত |
| ৪. | উপজেলা প্রাণি সম্পদ অফিসার, মেলান্দহ | সাক্ষরিত |
| ৫. | উপজেলা কৃষি অফিসার, মেলান্দহ | সাক্ষরিত |
| ৬. | উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, মেলান্দহ | সাক্ষরিত |
| ৭. | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, মেলান্দহ | সাক্ষরিত |
| ৮. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মেলান্দহ | সাক্ষরিত |
| ৯. | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, মেলান্দহ (প্রতিনিধি) | সাক্ষরিত |
| ১০. | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, মেলান্দহ | সাক্ষরিত |
| ১১. | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মেলান্দহ | সাক্ষরিত |
| ১২. | উপজেলা সমবায় কর্মকর্তা, মেলান্দহ | সাক্ষরিত |
| ১৩. | উপজেলা যুবউন্নয়ন কর্মকর্তা, মেলান্দহ | সাক্ষরিত |
| ১৪. | উপজেলা উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য, মেলান্দহ | সাক্ষরিত |
| ১৫. | উপজেলা ফরেষ্টার, মেলান্দহ | সাক্ষরিত |
| ১৬. | উপজেলা প:প কর্মকর্ত, মেলান্দহ | সাক্ষরিত |
| ১৭. | উপজেলা মৎস্য কর্মকর্তা, মেলান্দহ | সাক্ষরিত |
| ১৮. | উপজেলা খাদ্য কর্মকর্তা, মেলান্দহ | সাক্ষরিত |
| ১৯. | চেয়ারম্যান, চরবানিপাকুরিয়া ইউপি, মেলান্দহ | সাক্ষরিত |
| ২০. | চেয়ারম্যান, নয়ানগর ইউপি, মেলান্দহ | সাক্ষরিত |
| ২১. | চেয়ারম্যান, কুলিয়া ইউপি, মেলান্দহ | সাক্ষরিত |
| ২২. | চেয়ারম্যান, ঘোষেরপাড়া ইউপি, মেলান্দহ | সাক্ষরিত |
| ২৩. | চেয়াম্যান শ্যামপুর ইউপি, মেলান্দহ | স্যাক্ষরিত |
| ২৪. | চেয়ারম্যান, আদ্রা ইউপি, মেলান্দহ | সাক্ষরিত |
| ২৫. | চেয়ারম্যান, নাংলা ইউপি, মেলান্দহ | সাক্ষরিত |
| ২৬. | চেয়ারম্যান, ঝাউগড়া ইউপি, মেলান্দহ | সাক্ষরিত |
| ২৭. | চেয়ারম্যান মাহমুদপুর ইউপি, মেলান্দহ | সাক্ষরিত |
| ২৮. | উপজেলা স্বাস্থ্য ও প:প কর্মকর্তা, মেলান্দহ (প্রতিনিধি) | সাক্ষরিত |
| ২৯. | ভাইস চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, মেলান্দহ | সাক্ষরিত |
| ৩০. | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মেলান্দহ | সাক্ষরিত |

পরিশিষ্ট –খ–

| ক্রঃ নং | সদস্য | স্বাক্ষর |
|---|---|---|
| ০১ | চেয়ারম্যান, দুরমুট ইউপি, মেলান্দহ | |
| ০২ | চেয়ারম্যান, ফুলকোচা ইউপি, মেলান্দহ | |